দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 25 JUL 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# দেড় লাখ টাকায় ভার্সিটির সার্টিফিকেট

**নিজস্ব সংবাদদাতা, বাউফল, ২৪ জুলাই ।** দেড় লাখ টাকায় এশিয়ান ও গণবিশ্ববিদ্যালয়ের এসএসসি, এইচএসসি, বিবিএ, ইঞ্জিনিয়ারিং, অনার্স ও মাস্টার্স সার্টিফিকেট পাওয়া যাবে। এই মর্মে গ্রামীণফোনের একটি নম্বর থেকে বাউফলের বিভিন্ন মোবাইল ব্যবহারকারীদের কাছে মেসেজ দেয়া হচ্ছে। মেসেজ পেয়ে অনেক অভিভাবকই তাদের সন্তানদের নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন। বাউফলের একটি মাদ্রাসার সুপার মাওলানা আবদুর রব জানান, যোগাযোগের জন্য ডাক্তার সোহেল উল্লেখ করে গ্রামীণফোনের ০১৭১১১০৫৪৪২ নম্বর থেকে রবিবার এরকমই একটি মেসেজ তার মোবাইলে এসেছে।

ওই মেসেজের সেন্ডার নম্বর হচ্ছে ০৩৫৯০১০২০০৭। ওই সুপার বলেন, এ ধরনের মেসেজ কোন শিক্ষার্থীদের মোবাইলে গেলে লেখাপড়ায় ফাঁকি দিয়ে বিকল্প পথে ওই সার্টিফিকেট পাওয়ার জন্য অভিভাবকদের মারাত্মক আর্থিক ক্ষতির সম্মুখীন করতে পারে। এ উপজেলার আরও অনেকের মোবাইল নম্বরে এ ধরনের মেসেজ পাঠানো হয়েছে।

ওই নম্বরে কল করলে ডাক্তার সোহেল ফোন রিসিভ করে বলেন, মোবাইলে কথা বলা যাবে না। সরাসরি এসে কথা বলুন। কোথায় গিয়ে দেখা করব জানতে চাইলে ফোনটি কেটে দেন। তবে একাধিক অভিভাবক জানান, তাদের ঢাকার বাড্ডা এলাকায় গিয়ে যোগাযোগ করতে বলা হয়েছে।